



## বশেমুরবিপ্রবিতে প্রশ্নপত্র ফাঁসে ৭ শিক্ষার্থী বহিষ্কার

প্রকাশিত: ১৮ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, গোপালগঞ্জ, ১৭ নবেম্বর ॥ গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস চক্রের ৭ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রবিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. নূরউদ্দিন আহমেদ স্বাক্ষরিত এক পত্রে এ আদেশ প্রদান করা হয়েছে। প্রত্যেক শিক্ষার্থীকে একাডেমিক কার্যক্রম থেকে দু' সেমিস্টার (জুলাই ২০১৯-জুন ২০২০) বহিষ্কার ও হল থেকে আজীবন বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বহিষ্কৃত শিক্ষার্থীরা হলেন একাউন্টটিং এ্যান্ড ইনফরমেশন সিস্টেম (এআইএস) বিভাগের স্নাতকোত্তর শ্রেণীর শিক্ষার্থী বাবুল শিকদার বাবু, ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের ৩য় বর্ষের ছাত্র মোঃ নয়ন খান, নিয়ামুল ইসলাম, মনিমুল হক, আইন বিভাগের ৩য় বর্ষের ছাত্র অমিত গাইন, ২য় বর্ষের ছাত্র মানিক মজুমদার ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২য় বর্ষের ছাত্র রনি খান। বহিষ্কারাদেশে বলা হয়েছে, গত ৯ নবেম্বর বিশ্ববিদ্যালয়ের 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষার পূর্বে জাতীয় গোয়েন্দা সংস্থা (এনএসআই) এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের যৌথ অভিযানে প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত থাকার ঘটনায় শিক্ষার্থী ও পরীক্ষার্থীসহ ১২ জনের একটি চক্রকে আটক করা হয়। এরমধ্যে ৭ জন ছিল বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী। চক্রটির সঙ্গে সংশ্লিষ্ট থাকার অভিযোগ প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের ওই ৭ শিক্ষার্থীকে একাডেমিক কার্যক্রম থেকে দু' সেমিস্টার (জুলাই ২০১৯- জুন ২০২০) বহিষ্কার ও হল থেকে আজীবন বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. নূরউদ্দিন আহমেদ বলেছেন, ভর্তি পরীক্ষার প্রশ্ন সংক্রান্ত প্রতারণার ঘটনায় ৭ শিক্ষার্থীর সংশ্লিষ্টতা মিলেছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্র: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com